**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-07-2025** **Desk in Charge: S.M.**
**Time: 7-50 P.M.** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০৪৭ সালের বিকশিত ভারতের লক্ষ্য, আত্মনির্ভর ভারত গঠন। যার ভিত্তিই হল 'ভোকাল ফর লোকাল'। আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২৪-তম পর্বে শ্রী মোদী, আগস্ট-কে 'বিপ্লবের মাস' বলে অভিহিত করেছেন।

২/ বিজেপি শাসিত রাজ্যগুলিতে, বাংলাভাষী মানুষদের হেনস্থার অভিযোগ তুলে এর প্রতিবাদে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল প্রতিবাদ আন্দোলনের সূচনা করছেন।

# বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রীর এই আন্দোলনকে তীব্র কটাক্ষ করেছেন।

৩/ ভারতের নির্বাচন কমিশনের তরফ থেকে নির্দেশের পর রাজ্য সরকার, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে থাকা গুরুত্বপূর্ণ শূণ্যপদগুলি পূরণে উদ্যোগী হয়েছে।

৪/ পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরী প্রার্থী, চাকরীজীবি ও চাকরীহারা ঐক্যমঞ্চ এবং সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠন, আগামীকাল 'নবান্ন চলো' কর্মসূচীর ডাক দিয়েছে।

৫/ চলতি বর্ষার মরশুমে এখনো পর্যন্ত দক্ষিণবঙ্গে স্বাভাবিকের থেকে বেশী বৃষ্টি হয়েছে বলে জানিয়েছ, আবহাওয়া দপ্তর।

*****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০৪৭ সালের বিকশিত ভারতের লক্ষ্য, আত্মনির্ভর ভারত গঠন। এর ভিত্তিই হল ‘ভোকাল ফর লোকাল’। আজ আকাশবাণীতে ‘মন কি বাত’ এর ১২৪-তম পর্বে তিনি বলেন, যা যা ভারতে তৈরি হয়েছে, তার সঙ্গে ভারতীয়দের অনেক পরিশ্রম যুক্ত রয়েছে। দেশবাসীকে সেইসব সামগ্রী কেনার ফের আর্জি জানিয়েছেন প্রধানমন্ত্রী।

( বাইট- MKB ভোকাল ফর লোকাল )

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগস্ট মাসকে ‘বিপ্লবের মাস’ বলে অভিহিত করেছেন। দেশের স্বাধীনতার জন্য বহু বীর যোদ্ধা নিজেদের আত্মবলীদান দিয়েছেন। ১৫’ই আগস্ট আমাদের স্বাধীনতা সংগ্রামীদের কথা স্মরণ করিয়ে দেয় বলে উল্লেখ করেন তিনি। এপ্রসঙ্গে ক্ষুদিরাম বসুর আত্ম বলীদানের কথা তুলে ধরে শ্রী মোদী বলেন, ১৯০৮ সালে ক্ষুদিরামকে ফাঁসিকাঠে ঝোলানো হলেও, তাঁর মুখে ছিল পূর্ণ আত্মবিশ্বাস।

( বাইট- MKB ক্ষুদিরাম )

শ্রী মোদী বলেন, স্বাধীনতার সঙ্গে দেশভাগের যন্ত্রণাও জড়িয়ে আছে। তাই **১৪’ই আগস্ট** দিনটি সরকার ‘**বিভাজন বিভীষিকা দিবস**’ হিসেবে পালন করে।

‘স্বচ্ছ ভারত মিশন’-এর **১১** বছর পূর্ণ হবে অতি শীঘ্রই। শ্রী মোদী বলেন, ইতোমধ্যেই স্বচ্ছ ভারত মিশন জন আন্দোলনে পরিণত হয়েছে। এবছর দেশের সাড়ে চার হাজারেরও বেশি শহর ও শহরতলি এই মিশনের সঙ্গে যুক্ত হয়েছে। ১৫ কোটিরও বেশি মানুষ এতে অংশগ্রহণ করেছেন। বর্জ্য ব্যবস্থাপন প্রক্রিয়ায় দেশে যেসব নতুন উদ্যোগ গ্রহণ করা হয়েছে, শ্রী মোদী তার কয়েকটির কথা উল্লেখ করেন।

আজ ‘মন কি বাতে’ প্রধানমন্ত্রী, ভারতের বিজ্ঞান চর্চার প্রতি আলোকপাত করেছেন। তিনি বলেছেন, একবিংশ শতাব্দীতে ভারত আজ নতুন উৎসাহের সঙ্গে এগিয়ে চলেছে। শুভ্রাংশু শুক্লার মহাকাশ থেকে প্রত্যাবর্তন নিয়ে দেশে ছোট ছোট বাচ্চাদের মনেও মহাকাশ সম্পর্কে নতুন উৎসাহের সঞ্চার হয়েছে বলে এদিন তিনি জানান।

( বাইট- MKB শুভ্রাংশু )

**********************

বিজেপি শাসিত রাজ্যগুলিতে, বাংলাভাষী মানুষদের হেনস্থার অভিযোগ তুলে এর প্রতিবাদে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল প্রতিবাদ আন্দোলনের সূচনা করছেন। মমতা ব্যানার্জী এই আন্দলনকে ভাষা আন্দোলন' বলে উল্লেখ করে বীরভূম থেকে আন্দোলনের কথা ঘোষণা করেছেন। আজ রাতেই তিনি বীরভূম পৌছচ্ছেন। আগামীকাল বোলপুরে একটি প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে যোগ দেবেন তিনি। এরপর বোলপুর-শান্তিনিকেতনে 'ভাষা আন্দোলন' মিছিলের সূচনা করবেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার ইলামবাজারে কয়েকটি সরকারি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কথা রয়েছে। এরপর মুখ্যমন্ত্রীর বীরভূম থেকে কলকাতায় ফেরার কথা।

এদিকে, কোচবিহারের বক্সীরহাটে অসম-বাঙলা সীমান্তে আজ তৃণমূল কংগ্রেসের তরফে প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন অসম সরকারের NRC নোটিশ পাওয়া উত্তম কুমার ব্রজবাসী, নিশিকান্ত দাস এবং আরতি ঘোষ।

বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রীর এই আন্দোলনকে তীব্র কটাক্ষ করেছেন। সাংবাদিকদের কাছে তিনি বলেন, নির্বাচন কমিশন যাতে পশ্চিমবঙ্গে অবৈধ ভোটারদের চিহ্নিত করতে SIR না করতে পারে, সেইজন্যই তৃণমূলের এই আন্দোলন। এর মাধ্যমে মমতা ব্যানার্জী আসলে রোহিঙ্গা এবং বাংলাদেশী মুসলমান অনুপ্রবেশকারীদের ভোটব্যাঙ্ক হিসেবে কাজে লাগাতে চাইছেন।

( বাইট- শুভেন্দু )

**********************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর কাজ, এরাজ্যে হলেও, প্রকৃত ভোটারদের নাম কখনোই তালিকা থেকে বাদ পড়বে না বলে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি নেতা সুকান্ত মজুমদার জানিয়েছেন। আজ 'মন কি বাত' অনুষ্ঠান শোনার পর সাংবাদিকদের কাছে তিনি জানান, ২০০৩ সাল থেকে যাদের ভোটার তালিকায় নাম রয়েছে, তাঁদের কোনো নথি দেখানোর প্রয়োজন নেই। ২০০৩-এর পর যারা ভোটার তালিকায় যুক্ত হয়েছেন, ১২টি

প্রমাণ পত্রের মধ্যে যেকোনো একটি দেখালেই বৈধতা মিলবে বলেও জানিয়েছেন সুকান্ত বাবু।

উল্লেখ্য, বিহারে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের একগুচ্ছ আবেদনে, আগামীকাল সুপ্রিম কোর্টে শুনানি রয়েছে। বিচারপতি সূর্যকান্ত এবং জয়মাল্য বাগচীর বেঞ্চে এই শুনানি হওয়ার কথা।

**********************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-র প্রতিবাদে, কংগ্রেস আজ ভবানীপুরে যদুবাবুর বাজারে বিক্ষোভ দেখায়। উপস্থিত ছিলেন দলের দক্ষিণ কলকাতার দায়িত্বপ্রাপ্ত প্রদীপ প্রসাদ, আশুতোষ চট্টোপাধ্যায় প্রমুখ।

**********************

ভারতের নির্বাচন কমিশনের তরফ থেকে নির্দেশের পর রাজ্য সরকার মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে থাকা গুরুত্বপূর্ণ শূণ্য পদগুলি পূরণে উদ্যোগী হয়েছে। এই সপ্তাহের গোড়াতে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কাজকর্ম এবং প্রশাসনিক-উভয় ক্ষেত্রের'ই 'স্বতন্ত্রতা' নিশ্চিত করার জন্য বলেন। ওই একই চিঠিতে নির্বাচনী আধিকারিকের গুরুত্বপূর্ণ চারটি শূণ্যপদ পূরণের জন্য'ও সুপারিশ করা হয়। এর প্রেক্ষিতেই রাজ্য সরকার কয়েকজন আমলার নাম নির্বাচন কমিশনে পাঠিয়েছে বলে সূত্রকে উদ্ধৃত করে সংবাদ সংস্থা IANS জানিয়েছে।

**********************

পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরী প্রার্থী, চাকরীজীবি ও চাকরীহারা ঐক্যমঞ্চ এবং সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠন, আগামীকাল 'নবান্ন চলো' কর্মসূচীর ডাক দিয়েছে। হাওড়া স্টেশনে বেলা ১২ টা নাগাদ জমায়েত হয়ে নবান্নের দিকে তাঁদের এগিয়ে যাওয়ার কথা। এদিকে, এই মিছিলের জন্য পুলিশের তরফ থেকে কোনোরকম অনুমতি দেওয়া হয়নি। এমনকি,আদালত'ও বেশ কিছু বিধিনিষেধ আরোপ করেছে বলে হাওড়ার পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠি জানিয়েছেন।

**********************

মৌসুমী অক্ষরেখা, সক্রিয় মৌসুমী বায়ুর উপস্থিতি এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছু কিছু জেলায় বাড়তে পারে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য।

( বাইট- অন্বেষা ভট্টাচার্য )

**********************

চলতি বর্ষার মরশুমে জুন এবং জুলাই মাসে দক্ষিণবঙ্গে বৃষ্টি হয়েছে স্বাভাবিকের থেকে বেশি। খরাপ্রবণ জেলা নামে পরিচিত পুরুলিয়া এবং বাঁকুড়াতে এবার সব থেকে বেশি বৃষ্টি হয়েছে। বাঁকুড়ায় দু'মাসে বৃষ্টির পরিমাণ ৯১৯ দশমিক চার মিলিমিটার, যা স্বাভাবিকের থেকে অনেকটাই বেশি। পুরুলিয়ার বৃষ্টিপাতের পরিমাণ ৮৬৭ দশমিক ২ মিলিমিটার। দক্ষিণবঙ্গের পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা, হাওড়া এবং কলকাতা এই চারটি জেলায় বৃষ্টি হয়েছে, স্বাভাবিকের থেকে কিছুটা বেশি।

অন্যদিকে উত্তরবঙ্গে ৬টি জেলা দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুর এবং দক্ষিণবঙ্গের একমাত্র পূর্ব মেদিনীপুর জেলাতে বৃষ্টি হয়েছে স্বাভাবিকের থেকে অনেকটাই কম।

**********************

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে নতুন করে গঙ্গা ভাঙন শুরু হয়েছে। ভাঙনে নদীগর্ভে তলিয়ে গেছে, নতুন শিবপুরের যোগাযোগকারী একমাত্র রাস্তা। নদী পাড় বরাবর প্রায় ৩০০ মিটার এলাকা ধসে গেছে। এদিকে, ভাঙন কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে আজ বিক্ষোভের মুখে পড়েন, বিজেপির উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু। নদী ভাঙন সমস্যার স্থায়ী সমাধানের দাবীতে রতুয়া এক নম্বর ব্লকের মহানন্দা টোলার ভাঙন কবলিত এলাকার বাসিন্দারা, সাংসদকে ঘিরে বিক্ষোভ দেখান।

*************************************************************************